গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী। |
| সভার তারিখ | ঃ ২০ অক্টোবর, ২০২১ খ্রিঃ। |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভাপতি | ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় শিক্ষিত বেকার যুবকরা কর্মসংস্থানের অভাবে তারা বিভিন্ন রকমের অপরাধমূলক কাজে জড়িয়ে যাচ্ছে তাই ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের হাউজ ওয়ারিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলা পাহাড়ী বন্যা এবং ঝড় তুফন প্রবণ এলাকা হওয়ায় উপজেলার এবং ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ও ব্যবস্থাপনা কমিটিসমূহের সদস্যদের দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।

সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দোয়ারাবাজার বলেন বর্তমানে এ উপজেলায় শিক্ষিত বেকার যুবকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তাই তাদেরকে কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ

১। ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের হাউজ ওয়ারিং বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে সুপারিশ করা হয়।

২। দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে সুপারিশ করা হয়।

৩। শিক্ষিত বেকার যুবকদের কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২০।১০।২১

(মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/২১-

তারিখঃ- ঃ ২০ অক্টোবর, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কাযার্থে ঃ

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৪। উপজেলা ..............................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, ..............................................ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। সংরক্ষণ নথি।

20.10.21

সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

CamScanner